# শরীফপুর সাজেদুল হক উচ্চ বিদ্যালয়

ডাকঘর: চিতোষী, উপজেলা: মনোহরগঞ্জ, জেলা: কুমিল্লা , পোঃ কোড নং-৩৬২৩ ।
স্থাপিত: নিম্নমাধ্যমিক ০১-০১-১৯৯৬ইং, মাধ্যমিক ঃ ০১-০১-১৯৯৮ইং।
Email:-sharifpursazedulhaquehs105844@gmail.com বিদ্যালয় কোড নং-এফ.এস.এস.পি-ঃ ১৪০৬৪০১,
বোর্ড ঃ ৭৪২৭, এম.পি.ও-০৮১১৩২১৩০৪এস.এস.সি কেন্দ্র কোড-৩৪৬,
ই.আই.আই.এন-১০৫৮৪৪, মোবাইল নংঃ ০১৯২৩-১৪৫৮৭৪


স্মারক নং- শসাউবি/০৩/২৬ তারিখ: ১২-০৩-২০২৬ খ্রি.

## নোটিশ

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের ষষ্ঠ থেকে দশম শ্রেণীর উপবৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**-এর নির্দেশনানুযায়ী উপবৃত্তি সচল রাখার জন্য কিছু বাধ্যতামূলক শর্তাবলী রয়েছে।

কোনো শিক্ষার্থী নিচের শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে সরকারি নিয়ম অনুযায়ী তার উপবৃত্তি স্থায়ীভাবে বাতিল/নিষ্ক্রিয় (Deactivate) হয়ে যাবে:

- **উপস্থিতি:** প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিটি ক্লাসে ন্যূনতম ৭৫% উপস্থিত থাকতে হবে।
- **পরীক্ষার ফলাফল:** বার্ষিক বা সেমিস্টার পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হবে।
- **বৈবাহিক অবস্থা:** উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে (বিবাহিত শিক্ষার্থীরা উপবৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে)।
- **ভর্তি সচল রাখা:** প্রতিষ্ঠানের ভর্তি রেজিস্ট্রারে নাম সচল থাকতে হবে।
  বিশেষ সতর্কবার্তা:
  সরকারি HSP-MIS সফটওয়্যারে একবার কোনো শিক্ষার্থীর উপবৃত্তি **নিষ্ক্রিয় বা বাতিল** হয়ে গেলে, পরবর্তীতে তা পুনরায় সক্রিয় (Active) করার আর কোনো সুযোগ থাকবে না।

অতএব, উপবৃত্তি সচল রাখার স্বার্থে সকল শিক্ষার্থীকে নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা এবং পড়াশোনায় মনোযোগী হওয়ার জন্য বিশেষভাবে সতর্ক করা হলো।

**সংযুক্তি:** প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক প্রকাশিত নোটিশ।

মুহাম্মদ হারুনুর রশীদ
প্রধান শিক্ষক ( ভারপ্রাপ্ত )
শরীফপুর সাজেদুল হক উচ্চ বিদ্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৪০ তারিখ: ১১.০৩.২০২৬ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১২শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে ৪৫% এর কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর কম ক্লাসে উপস্থিতি, বিবাহিত ও অন্যান্য কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি রেজিস্ট্রারে অর্ন্তভুক্ত নয় (যদি থাকে) এরূপ শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আগামী ০৫.০৪.২০২৬ তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয় করার ক্ষেত্রে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

***উল্লেখ্য, নিষ্ক্রিয় করার ক্ষেত্রে শতভাগ নিশ্চিত হয়ে শিক্ষার্থী নিষ্ক্রিয় করতে হবে; একবার নিষ্ক্রিয় করা হলে পুনরায় উক্ত শিক্ষার্থীকে সক্রিয় করার কোন সুযোগ থাকবে না।

২। **শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী-**

ক) HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/HSP-MIS/login
খ) মেনুবার "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন;
গ) "শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন" বাটনে ক্লিক করে শ্রেণি নির্বাচন করে 'খুজুন' বাটনে ক্লিক করুন;
ঘ) যে সকল শিক্ষার্থী অযোগ্য হবে তাদের নামের পাশে "সম্পাদন" (কলম আইকন) বাটনে ক্লিক করুন;
ঙ) "শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস" অপশনে ড্রপডাউন বক্সে 'নিষ্ক্রিয়' অপশন সিলেক্ট করুন;
চ) স্ট্যাটাস পরিবর্তনের কারণ যেমন- ক) ৪৫% এর কম নম্বর প্রাপ্তি, খ) ৭৫% এর কম ক্লাসে উপস্থিতি, গ) বিবাহিত অথবা ঘ) অন্যান্য কারণ নির্বাচন করতে হবে [উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি রেজিস্ট্রারে অর্ন্তভুক্ত নয় (যদি থাকে) এরূপ শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণের জন্য অন্যান্য কারণ নির্বাচন করতে হবে];
ছ) পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে;
জ) সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বর্ণিত বিষয়টি অনতিবিলম্বে অবহিতকরণসহ অযোগ্য শিক্ষার্থী নিষ্ক্রিয়করণ কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে অথবা অযোগ্য শিক্ষার্থীর নিকট উপবৃত্তির অর্থ প্রেরিত হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

১১/০৩/২৬

**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।

০৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।

০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।

০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপজেলা উপদেষ্টা কমিটি, সকল উপজেলা।

০৮। জনাব ................................................, উপপরিচালক/ সহকারী পরিচালক/ প্রোগ্রামার/ গবেষণা কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ ডকুমেন্টেশন কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

০৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।

১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

১২। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিষ্ক্রিয়করণ অপশন উন্মুক্ত করার অনুরোধসহ)।

১৪। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে পত্র প্রকাশের অনুরোধসহ)।

১৫। অফিস কপি।